২৬।৭।২০০১

দৈনিক ইনকিলাব

তারিখ ...........
পৃষ্ঠা ৮ ... কলাম ৮ ...

# শিক্ষা সচিবের সাথে শিক্ষক কর্মচারী জোটের ফলপ্রসূ বৈঠক

প্রেস বিজ্ঞপ্তি ঃ শিক্ষক কর্মচারী ঐক্যজোটের ৬ সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল শিক্ষা সচিব শহীদুল আলমের সাথে সাক্ষাৎ করে শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্ট পুনর্গঠন, টাকা প্রাপ্তির বিলম্বিতা দূরীকরণ, অবসর সুবিধা অধ্যাদেশ বাস্তবায়ন, ৭ ফেব্রুয়ারী ২০০১ প্রজ্ঞাপন অনুযায়ী ৩য় বিভাগধারী শিক্ষকদের টাকা প্রদান, ৬০ বছরের অধিক ইংরেজী বিষয়ের শিক্ষকদের বেতনের সরকারী অংশ প্রদানের বিষয় জটিলতা দূরীকরণ, সাবেক সংসদ সদস্যসহ

৫-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## শিক্ষক কর্মচারী জোট

৮-এর পৃষ্ঠার পর

সকল রাজনৈতিক ব্যক্তিদের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি থেকে অব্যাহতি প্রদানের বিষয়সহ শিক্ষকদের পেশাগত বিভিন্ন সমস্যা তুলে ধরেন। শিক্ষক সচিব ধৈর্যসহকারে নেতৃবৃন্দের বক্তব্য শোনেন এবং ন্যায়সঙ্গত দাবী বাস্তবায়নের আশ্বাস প্রদান করেন।

প্রতিনিধি দলে শিক্ষক কর্মচারী ঐক্য জোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূইয়া, আহবায়ক মাওলানা এম এ লতিফ, যুগ্ম আহবায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান, শফিকুল আলম ও অধ্যক্ষ ইসহাক হোসেন এ সময় উপস্থিত ছিলেন।